গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
পরিকল্পনা ও উন্নয়ন শাখা

২০২১-২২ অর্থবছরের অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়নের নিমিত্তে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ১ম সভার কার্যবিবরণী।

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রেজাউল মাকছুদ জাহেদী<br>অতিরিক্ত মহাপরিচালক (যুগ্মসচিব) ও সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি |
| সভার তারিখ | ০১-০৯-২০২১ খ্রি: |
| সভার সময় | সকাল ১১:৩০ ঘটিকা |
| স্থান | অনলাইন (জুম প্ল্যাটফর্ম) |
| উপস্থিতি | অনলাইন |

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের ২০২১-২২ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত কার্যক্রমসমূহ যথাসময়ে বাস্তবায়ন ও মূল্যায়নের নিমিত্তে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২০২১) সভায় সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতি জনাব ইয়াসমিন আক্তার, সহকারী প্রোগ্রামার (পরিকল্পনা ও উন্নয়ন) কে সভার নির্ধারিত আলোচনা শুরু করার নির্দেশ দেন। নির্দেশনা মোতাবেক তিনি সভার কার্যপত্র উপস্থাপন করেন। তিনি সভায় জানান যে, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা (২০২১-২২) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'র (২০২১-২২ অর্থবছর) সঙ্গে সংযুক্ত রয়েছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সেকশন- ৩ এর কর্মসম্পাদন পরিকল্পনার সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্রে [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ এর কার্যক্রম [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন এর কর্মসম্পাদন সূচক [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত এর কর্মসম্পাদন সূচকের মান '৩'। এপিএ'র সংযোজনী-৭ এ সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা (২০২১-২২) এর কার্যক্রমের ক্ষেত্র ২টি, কার্যক্রম ৪টি, কর্মসম্পাদন সূচক ৪টি, কর্মসম্পাদন সূচকের মোট মান ২৫।

২.০ অতঃপর কার্যপত্রের আলোচ্যসূচী অনুযায়ী সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার কার্যক্রমসমূহ যথাসময়ে বাস্তবায়ন ও মূল্যায়নের মাধ্যমে নির্ধারিত লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপভাবে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে দায়িত্ব প্রদানসহ সিদ্ধান্ত/সুপারিশ গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.১ | ১। সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত | সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার কার্যক্রম [১.১] -এ সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন এর কর্মসম্পাদন সূচক [১.১.১] সিদ্ধান্ত বাস্তবায়িত এর কর্মসম্পাদন সূচকের মান ৫ নম্বর রয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণিত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২২ তে বর্ণিত সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সূচকের ব্যাখ্যা ও মূল্যায়ন | ক. সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি ত্রৈমাসিকভিত্তিতে সভা করে সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন করবে।<br><br>খ. গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়িত হচ্ছে কিনা তা নিয়মিত পর্যালোচনা করবে এবং ত্রৈমাসিক ভিত্তিতে সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে। | ১। জনাব মোঃ সুলতান মাহমুদ ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর<br>২। জনাব মুহাম্মদ আলমগীর ফারুক চৌধুরী মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (সিস্টেম ও প্রশিক্ষণ)<br>৩। জনাব মোঃ আলমাছ হোসেন ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর<br>৪। জনাব ইয়াসমিন আক্তার সহকারী প্রোগ্রামার (পরিকল্পনা ও উন্নয়ন)<br>৫। জনাব বি.এম. বেলাল হোসেন সহকারী প্রোগ্রামার (প্রশাসন) |

| ক্রমিক নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | প্রক্রিয়া মোতাবেক পরিবীক্ষণ কমিটি ত্রৈমাসিকভিত্তিতে সভা করে সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন করবে, গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়িত হচ্ছে কিনা তা নিয়মিত পর্যালোচনা করবে এবং বাস্তবায়ন প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে মর্মে সভায় আলোচনা হয়।<br>সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটিতে জনাব মোঃ আলমাছ হোসেন ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর (সিস্টেম ও প্রশিক্ষণ) কে সদস্য দিসেবে কো-অপ্ট করা যেতে পারে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>এছাড়া, সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন এর মূল্যায়ন পদ্ধতি এবং প্রমাণক বিষয়ে নিম্নরূপ বিস্তারিত আলোচনা করা হয়:<br><br>মূল্যায়ন পদ্ধতি: প্রতি ত্রৈমাসিকে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষণ করতে হবে এবং বাস্তবায়ন অগ্রগতিসহ পরিবীক্ষণ প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হলে বর্ণিত সূচকের বিপরীতে পূর্ণ নম্বর পাওয়া যাবে।<br><br>প্রমাণক: ০৪টি বাস্তবায়ন প্রতিবেদন। | গ. জনাব মোঃ আলমাছ হোসেন ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর (সিস্টেম ও প্রশিক্ষণ) কে সদস্য দিসেবে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটিতে কো-অপ্ট করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>ঘ. আগামী ২৮ সেপ্টেম্বর ২০২১ তারিখে সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ১ম ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক বাস্তবায়ন প্রতিবেদন কমিটি কর্তৃক উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে।<br><br>ঙ. সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি ত্রৈমাসিকভিত্তিতে সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন প্রমাণক হিসেবে সংরক্ষণ করতে হবে এবং প্রমাণকসমূহ সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি ও এপিএ টিমের ফোকাল পয়েন্ট এবং সেবা প্রদান প্রতিশ্রুতির ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট নির্ধারিত সময়ের মধ্যে নিয়মিত দাখিল করতে হবে। | ৬। জনাব মোঃ শহীদুল ইসলাম সহকারী পরিচালক (অর্থ)<br>এবং<br>৭। গঠিত পরিবীক্ষণ কমিটি |

| ক্রমিক নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.২ | ২। সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদকরণ বাস্তবায়ন পর্যালোচনা | সভায় এ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদপূর্বক হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে আপলোড, প্রদর্শন ও উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে মর্মে আলোচনা হয়।<br><br>দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের ক্ষেত্রে সেবা অধিকতর সহজীকরণ, সেবা প্রাপ্তির পদ্ধতি সেবা প্রদানকারী কর্মকর্তা/কর্মচারীদের নাম, পদবী, যোগাযোগ নম্বরসহ সকল বিষয় হালনাগাদকরণের ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় আলোচনা হয়।<br><br>এছাড়া, সভায় ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ বাস্তবায়ন পর্যালোচনা এর মূল্যায়ন পদ্ধতি এবং প্রমাণক বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।<br><br>প্রমাণক: হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত অফিস আদেশ/সরকারি পত্র/ওয়েব লিঙ্ক। | ক ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদপূর্বক হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি ওয়েবসাইটে আপলোড, প্রদর্শন ও উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবর প্রেরণ করতে হবে। এ সংক্রান্ত ১ম ত্রৈমাসিক কার্যক্রম আগামী ২২ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।<br><br>খ. হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত অফিস আদেশ/সরকারি পত্র এবং ওয়েব লিঙ্ক প্রমাণক হিসেবে সংরক্ষণ করতে হবে এবং প্রমাণকসমূহ সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি ও এপিএ টিমের ফোকাল পয়েন্ট এবং সেবা প্রদান প্রতিশ্রুতির ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট নির্ধারিত সময়ের মধ্যে নিয়মিত দাখিল করতে হবে। | জনাব মোঃ সুলতান মাহমুদ<br>ডাটাবেজ এ্যাডমিনিস্ট্রেটর<br>এবং<br>জনাব মোঃ আলমাছ হোসেন<br>ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর |

| ক্রমিক নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.৩ | ৩। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন | এ অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতাবৃদ্ধির জন্য সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ৪টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। সেবা প্রদান সংক্রান্ত আইন-কানুন, বিধিবিধান, চাকুরি বিধি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে নিয়মিত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।<br><br>এছাড়া, সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন এর মূল্যায়ন পদ্ধতি এবং প্রমাণক বিষয়ে নিম্নরূপ বিস্তারিত আলোচনা করা হয়:<br><br>মূল্যায়ন পদ্ধতি: সেবা প্রদান সংক্রান্ত দক্ষতা বৃদ্ধি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে ৪টি প্রশিক্ষণ আয়োজন করা গেলে বর্ণিত সূচকের বিপরীতে শতভাগ লক্ষ্যমাত্রা অর্জিত এবং পূর্ণ নম্বর পাওয়া যাবে।<br><br>প্রমাণক: প্রশিক্ষণের অফিস আদেশ, আলোচ্যসূচি, প্রশিক্ষণার্থীদের তালিকা, উপস্থিতির হাজিরা। | ক. অধিদপ্তরের কর্মকর্তা-কর্মচারীদের দক্ষতাবৃদ্ধির জন্য সেবা প্রদান সংক্রান্ত দক্ষতা বৃদ্ধি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে ৪টি প্রশিক্ষণ আয়োজন করতে হবে। ১ম প্রশিক্ষণ সেপ্টেম্বর ২০২১ মাসের মধ্যে আয়োজন করতে হবে।<br><br>খ. প্রশিক্ষণের অফিস আদেশ, আলোচ্যসূচি, প্রশিক্ষণার্থীদের তালিকা, উপস্থিতির হাজিরা প্রমাণক হিসেবে সংরক্ষণ করতে হবে এবং প্রমাণকসমূহ সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি ও এপিএ টিমের ফোকাল পয়েন্ট এবং সেবা প্রদান প্রতিশ্রুতির ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট নির্ধারিত সময়ের মধ্যে নিয়মিত দাখিল করতে হবে। | জনাব ইয়াসমিন আক্তার<br>সহকারী প্রোগ্রামার<br>(পরিকল্পনা ও উন্নয়ন) |

| ক্রমিক নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ২.৪ | ৪। সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিত করণ সভা আয়োজন | সেবা প্রদান বিষয়ে অংশীজনের অংশগ্রহণে ২ টি সভা অনুষ্ঠান করতে হবে। মন্ত্রণালয়/বিভাগ/ রাষ্ট্রীয় প্রতিষ্ঠান/ অধিদপ্তর/দপ্তর/ সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয়ের অভ্যন্তরীণ/ দাপ্তরিক/ নাগরিক সেবা গ্রহণকারী যে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান এবং আওতাধীন/ সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের কার্যালয়সমূহ কিংবা তাদের কর্মকর্তা/কর্মচারী মধ্যে অধিদপ্তরের অংশীজন যারা তাদেরকে নিয়ে সেবা প্রদান বিষয়ে অংশীজনের অংশগ্রহণে ১ম সভা আগামী ২৮ অক্টোবর ২০২১ তারিখ এবং ২য় সভা ৩০ মার্চ ২০২২ তারিখের মধ্যে আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়।<br><br>এছাড়া, সভায় সেবা প্রদান বিষয়ে অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন এর মূল্যায়ন পদ্ধতি এবং প্রমাণক বিষয়ে নিম্নরূপ বিস্তারিত আলোচনা করা হয়:<br><br>মূল্যায়ন পদ্ধতি: অংশীজনের অংশগ্রহণে কমপক্ষে ২ টি সভা আয়োজন করা হলে বর্ণিত সূচকের বিপরীতে পূর্ণ নম্বর পাওয়া যাবে।<br><br>প্রমাণক: অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার ২টি কার্যবিবরণী। | ক. সেবা প্রদান বিষয়ে অংশীজনগণের সমন্বয়ে অবহিত করণ ২ টি সভা আয়োজন করতে হবে। ১ম সভা আগামী ২৮ অক্টোবর ২০২১ তারিখ এবং ২য় সভা ৩০ মার্চ ২০২২ তারিখের মধ্যে আয়োজন করতে হবে।<br><br>খ. সেবা প্রদান বিষয়ে অংশীজনের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রমাণক হিসেবে সংরক্ষণ করতে হবে এবং প্রমাণকসমূহ সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি ও এপিএ টিমের ফোকাল পয়েন্ট এবং সেবা প্রদান প্রতিশ্রুতির ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট নির্ধারিত সময়ের মধ্যে নিয়মিত দাখিল করতে হবে। | জনাব বি.এম. বেলাল হোসেন<br>সহকারী প্রোগ্রামার (প্রশাসন) |
| ২.৫ | ৫। বিবিধ (সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা পরিবীক্ষণ পদ্ধতি এবং মূল্যায়ন পদ্ধতি) | সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা পরিবীক্ষণ পদ্ধতি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা মূল্যায়ন পদ্ধতি বিষয়ে নিম্নরূপ বিস্তারিত আলোচনা করা হয়:<br><br>১. সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা পরিবীক্ষণ পদ্ধতি:<br><br>• সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা প্রণয়নকারী অফিস (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর) ত্রৈমাসিকভিত্তিতে অগ্রগতি পর্যালোচনা করবে এবং | ক. সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা পরিবীক্ষণের নিমিত্তে ত্রৈমাসিকভিত্তিতে অগ্রগতি পর্যালোচনা করতে হবে এবং অগ্রগতি প্রতিবেদন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে প্রেরণ করতে হবে।<br><br>খ. ১৫ জানুয়ারীর ২০২২ তারিখের মধ্যে আওতাধীন অধিদপ্তরের মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করতে হবে এবং আওতাধীন অফিসসমূহকে ফলাবর্তক প্রদান করতে হবে। | ১। জনাব মুহাম্মদ আলমগীর ফারুক চৌধুরী<br>মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (সিস্টেম ও প্রশিক্ষণ)<br>ও<br>সদস্য সচিব<br>গঠিত পরিবীক্ষণ কমিটি<br><br>২। জনাব মোঃ শরীফুল ইসলাম<br>সহকারী পরিচালক (অর্থ) |

| ক্রমিক নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | অগ্রগতি প্রতিবেদন উর্ধ্বতন অফিসের (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ) নিকট প্রেরণ করবে;<br><br>• উর্ধ্বতন অফিস প্রতি অর্থবছরের মাঝামাঝি সময়ে (১৫ জানুয়ারীর মধ্যে) আওতাধীন অফিসসমুহের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করবে এবং আওতাধীন অফিসসমূহকে ফলাবর্তক প্রদান করবে।<br><br>২. সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা মূল্যায়ন পদ্ধতি:<br>• অর্থ বছর শেষে ১৫ জুলাই ২০২২ তারিখের মধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা প্রণয়নকারী অফিস পূর্ববর্তী অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার স্বমূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করবে (প্রতিটি সূচকের নম্বরের বিপরীতে প্রাপ্ত নম্বর, সর্বমোট ২৫ নম্বরের মধ্যে), অফিস প্রধানের অনুমোদন গ্রহণ করবে এবং প্রমাণকসহ মূল্যায়ন প্রতিবেদন উর্ধ্বতন অফিসের নিকট প্রেরণ করবে;<br><br>• উর্ধ্বতন অফিস প্রমাণকসমূহ যাচাই করে চূড়ান্ত নম্বর প্রদান করবে এবং উর্ধ্বতন অফিসের এপিএ মূল্যায়নকারী কর্মকর্তার নিকট চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন (প্রাপ্ত নম্বরসহ) প্রেরণ করবে;<br><br>• এপিএ মূল্যায়নকারী কর্মকর্তা উক্ত অফিসের চূড়ান্ত মূল্যায়নে প্রাপ্ত নম্বরকে এপিএ-তে ধার্যকৃত নম্বর (৩) এর বিপরীতে রূপান্তর করবে (ওয়েটেড স্কোর)<br><br>• উক্ত নম্বর এপিএ-তে সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিপরীতে সেবা প্রদান | গ. সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা মূল্যায়নের নিমিত্তে ১৫ জুলাই ২০২২ তারিখের মধ্যে সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার (২০২১-২২) স্বমূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করে অফিস প্রধানের অনুমোদন গ্রহণ করতে হবে এবং প্রমাণকসহ মূল্যায়ন প্রতিবেদন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ ও এপিএ টিমের ফোকাল পয়েন্ট এবং সেবা প্রদান প্রতিশ্রুতির ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট প্রেরণ করতে হবে।<br><br>ঘ. অধিদপ্তরের মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার কার্যক্রমসমূহ যথাসময়ে হালনাগাদকরণ, বাস্তবায়ন ও মূল্যায়নের মাধ্যমে নির্ধারিত লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা নির্দেশিকা ২০২১-২২ অনুসরণ করার জন্য মাঠপর্যায়ের সকল কার্যালয়ের কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করে আগামী ০৮ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট সকল তথ্যসহ পত্র প্রেরণ করতে হবে।<br><br>ঙ. অধিদপ্তরের মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা মূল্যায়নের নিমিত্তে ০৫ জুলাই ২০২২ তারিখের মধ্যে কার্যালয়সমূহের প্রমাণকসমূহ যাচাই করে চূড়ান্ত নম্বর প্রদান করতে হবে এবং এ অধিদপ্তরের এপিএ মূল্যায়নকারী কর্মকর্তার নিকট চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন (প্রাপ্ত নম্বরসহ) প্রেরণ করতে হবে।<br><br>চ. সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা পরিবীক্ষণ ও মূল্যায়ন এর সকল প্রমাণক সংরক্ষণ করতে হবে এবং প্রমাণকসমূহ সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি ও এপিএ টিমের ফোকাল পয়েন্ট এবং সেবা প্রদান প্রতিশ্রুতির ফোকাল পয়েন্ট কর্মকর্তার নিকট নির্ধারিত সময়ের মধ্যে নিয়মিত দাখিল করতে হবে। | |

| ক্রমিক নং | আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত/সুপারিশ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা প্রণয়নকারী অফিসের প্রাপ্ত নম্বর হিসেবে বিবেচনা করা হবে।<br><br>এছাড়া, সভায় অধিদপ্তরের মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার কার্যক্রমসমূহ যথাসময়ে হালনাগাদকরণ, বাস্তবায়ন ও মূল্যায়নের মাধ্যমে নির্ধারিত লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা নির্দেশিকা ২০২১-২২ অনুসরণ করার জন্য মাঠপর্যায়ের সকল কার্যালয়ের কর্মকর্তাগণকে নির্দেশনা প্রদান করে আগামী ০৮ সেপ্টেম্বর ২০২১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট সকল তথ্যসহ পত্র প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | | |

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

RMahadi

মোঃ রেজাউল মাকছুদ জাহেদী
অতিরিক্ত মহাপরিচালক (যুগ্মসচিব) ও সভাপতি সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি

স্মারক নম্বর: ৫৬.০৪.০০০০.০০৬.১৬.০০২.১৭.১২৮

তারিখ: ২২ ভাদ্র ১৪২৮
০৬ সেপ্টেম্বর ২০২১

বিতরণ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) অতিরিক্ত মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
২) পরিচালক, অর্থ ও প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৩) পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৪) উপ-পরিচালক, অর্থ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৫) জনাব মোঃ সুলতান মাহমুদ, ডাটাবেজ অ্যাডমিনিস্ট্রেটর, পরিকল্পনা ও উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৬) জনাব মুহাম্মদ আলমগীর ফারুক চৌধুরী, মেইন্টেনেন্স ইঞ্জিনিয়ার, , সিস্টেম ও প্রশিক্ষণ শাখা-২, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
৭) জনাব মোঃ আলমাছ হোসেন, ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম ও প্রশিক্ষণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৮) জনাব ইয়াসমিন আক্তার সহকারী প্রোগ্রামার, পরিকল্পনা ও উন্নয়ন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
৯) জনাব বি.এম. বেলাল হোসেন, সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
১০) জনাব মোঃ শরীফুল ইসলাম, সহকারী পরিচালক, অর্থ শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

১১) জনাব তাসনোভা চৌধুরী, সহকারী প্রোগ্রামার, প্রশাসন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।

১২) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

মুহাম্মদ আলমগীর ফারুক চৌধুরী
মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (সিস্টেম ও প্রশিক্ষণ) ও সদস্য
সচিব সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি